# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

### ‘‘প্রোগ্রাম ফর সাপোর্টিং রুরাল ব্রীজেস (SupRB)’’

আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০২.০০০০.৯২৭.১৪.০০৯.১৯ – ৫১৪ তারিখঃ ১৪/৭/2020

প্রতি,

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ ............................ (৬১ জেলা)।

বিষয়ঃ এলজিইডি’র আওতায় “**Program for Supporting Rural Bridges (SupRB)**” শীর্ষক কর্মসূচীর অধীনে নির্বাচিত ব্রিজসমূহের মেরামত/পুন:নির্মাণ/নির্মাণ কাজ বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ অত্র দপ্তরের স্মারক নম্বরঃ ৪৬.০২.০০০০.৯২৭.২৫.০০৩.১৯-১২৪৬, তারিখঃ২৯/১২/২০১৯ ইং

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, অত্র কর্মসূচীর আওতায় অনুমোদিত প্যাকেজ সমুহের অধীনে মেরামত, পুনর্বাসন, প্রশস্তকরন, প্রতিস্থাপন ও নতুন ব্রিজ নির্মাণ কাজ বাস্তবায়ন, তদারকি, গুণগতমান নিয়ন্ত্রণ ও **DLI(1-8) [Disbursement Link Indicator]** নিশ্চিত করার লক্ষ্যে নিম্নবর্ণিত কার্যক্রমসমূহ যথাযথভাবে অনুসরন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

| কার্যক্রম | বাস্তবায়ন নির্দেশনা | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ |
|---|---|---|
| Management Meeting | চুক্তি সম্পাদনের পর নিম্নবর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে Management Meeting করতে হবে।<br>i) সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী (UE), উপ-সহকারী প্রকৌশলী (SAE)<br>ii) প্রকল্পে নিযুক্ত পরামর্শকবৃন্দ অর্থাৎ Br. Maint. Engr. (BME), Quality Control Enrg. (QCE), Field Resident Engr. (FRE) এবং সহকারী প্রকৌশলী (SupRB)<br>iii) ঠিকাদার ও তার উপযুক্ত প্রতিনিধি<br>সভার রেজুলেশন তাঁর দপ্তরের সংশ্লিষ্ট প্যাকেজের নথিতে সংরক্ষণ করতে হবে। | Xen, Sr.AE of District |
| Site Handover | ব্রিজ নির্মাণ এর ক্ষেত্রে প্রয়োজন মোতাবেক Layout প্রদানের জন্য সদর দপ্তরে অবহিত করতে হবে। মেরামত কাজের ক্ষেত্রে অনুমোদিত Design এবং Drawing মোতাবেক সংশ্লিষ্ট ঠিকাদারের/প্রতিনিধির উপস্থিতিতে Layout প্রদান করতে হবে এবং Layout প্রদানের পর তা সাইট অর্ডার বহিতে লিপিবদ্ধ করতে হবে। এর মাধ্যমে ঠিকাদারকে Site Handover করতে হবে। | Xen (Dist.), UE, SAE, BME and FRE |
| | মেরামত কাজে অনুমোদিত প্রাক্কলন অনুসারে যৌথ পরিমাপ করে তা সাইট অর্ডার বহিতে লিপিবদ্ধ করতে হবে এবং ঠিকাদার সহ সংশ্লিষ্ট সকলের স্বাক্ষর গ্রহন করতে হবে। এর মাধ্যমে ঠিকাদারকে Site Handover করতে হবে। উল্লেখ্য গৃহীত যৌথ পরিমাপ ঠিকাদারের বিল পরিশোধের ভিত্তি হবে এবং ইহা নথিতে সংরক্ষণ করতে হবে। | UE, SAE, BME and FRE |
| Issue and Maintain Site Order Book | প্রতিটি Structure এর কাজের জন্য ভিন্ন ভিন্ন Site Order বহি নির্বাহী প্রকৌশলীকে ইস্যু করতে হবে। এবং প্রতি সাইটে যথারীতি Maintain করা হচ্ছে কিনা XEN তাঁর দপ্তরের AE(SupRB) এর মাধ্যমে নিশ্চিত হবেন। সাইট পরিদর্শন করা হলে অবশ্যই Site Order Book এ বর্তমান অবস্থা এবং করনীয় সম্পর্কে লিপিবদ্ধ করতে হবে। | UE,SAE,BME, QCE, FRE and AE(SupRB) |
| Photograph | নতুন অথবা মেরামত যে Type এর কাজই হোক না কেন সকল কাজের ক্ষেত্রে প্রতিনিয়ত Photograph সংগ্রহ করে সংশ্লিষ্ট দপ্তরে সংরক্ষণ নিশ্চিত করতে হবে। মেরামত কাজের ক্ষেত্রে কাজ আরম্ভ, কাজ চলাকালীন এবং কাজ সমাপ্তের পরের Photograph সংগ্রহ করে সংশ্লিষ্ট দপ্তরে সংরক্ষণ করতে হবে। উক্ত Photograph সমূহ Dossier তৈরিতে সংযুক্ত করতে হবে। অন্যথায় কোন বিল প্রদান করা যাবে না এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন। | UE, SAE, BME, QCE, FRE and AE (SupRB) |

| কার্যক্রম | বাস্তবায়ন নির্দেশনা | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ |
|---|---|---|
| Lab Test of Construction Materials | অনুমোদিত Work Plan মোতাবেক Sample approve করার পর ঠিকাদারকে নির্মাণ সামগ্রী আনয়নের জন্য নির্দেশনা দিতে হবে। নির্মাণ সামগ্রী সাইট-এ মজুদ করা হলে Sample সংগ্রহ করে Quality Assurance Plan মোতাবেক সন্তোষজনক Lab test এর ভিত্তিতে মজুদকৃত নির্মাণ সামগ্রী ব্যবহার করার ব্যবস্থা গ্রহণ করবেন। | UE, SAE, QCE, FRE |
| Piling Work | নতুন ব্রিজ নির্মাণ কাজের ক্ষেত্রে Drawing, Design অনুসরণ করে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | Xen (Dist.), UE, SAE, BME, QCE, FRE and AE (SupRB) |
| Approach Road | নতুন ব্রিজ নির্মাণ কাজের ক্ষেত্রে Piling Work কাজ শুরুর সাথে সাথে Approach Road কাজও<br>আরম্ভ করতে হবে। Approach Road কাজ Design ও Specification অনুযায়ী প্রতিটি লেয়ার যথাযথভাবে Lab Test এর মাধ্যমে Compaction নিশ্চিত করে কাজ বাস্তবায়ন করতে হবে। | Xen (Dist.), UE, SAE, FRE and AE (SupRB) |
| | মেরামত কাজের ক্ষেত্রে ব্রীজ এপ্রোচ-এ Pavement Work, প্রোটেকশন ওয়ার্ক, সাইড স্লোপ-এ প্রোটেকটিভ কাজ, Approach longitudinal Slope, Drainage System, Guide Post Installation ইত্যাদি কাজ অন্তর্ভুক্ত থাকলে সর্বপ্রথম ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসারে লে-আউট প্রদান করতে হবে এবং সাইট অর্ডার বহিতে লে-আউট এর বিবরন লিপিবদ্ধ করতে হবে। ব্রিজ এ্যাপ্রোচ মাটির কাজ অন্তর্ভুক্ত থাকলে রোলার দ্বারা যথাযথভাবে Compaction করতে হবে এবং এ্যাপ্রোচ Slope-এ মাটির কাজ অন্তর্ভুক্ত থাকলে তা সর্ব প্রথম বেঞ্চিং পদ্ধতিতে সম্পাদন করতে হবে। | UE, SAE, BME, FRE and AE (SupRB) |
| | Pavement এর অন্যান্য লেয়ার এর কাজ Specification মোতাবেক Compaction নিশ্চিত করে Bituminous কাজ আরম্ভ করতে হবে। | |
| | মেরামত কাজের ক্ষেত্রে প্রাক্কলন এবং Design ও Drawing-এ অন্তর্ভুক্ত প্রতিটি আইটেম এর কাজ Drawing, Design এবং Specification অনুযায়ী সম্পাদন করতে হবে। | |
| Bituminous Work | মেরামত কাজের ক্ষেত্রে এ্যাপ্রোচে এবং Deck Slab এর Surface Damage সমূহ যথা- Edge breaking/Pot-hole/Depression/Rutting অংশগুলো যথাযথভাবে মেরামত করতে হবে। | UE, SAE, BME, FRE and AE (SupRB) |
| | অবশ্যই টেষ্ট রিপোর্টে উল্লেখিত অনুপাত অনুযায়ী বিভিন্ন গ্রেডের Coarse Aggregate একত্রে মিশ্রণ করে Well graded মিশ্রণ তৈরী করতে হবে। | |
| | Well graded Coarse Aggregate এবং বিটুমিন পৃথকভাবে নির্দিষ্ট তাপমাত্রার মধ্যে উত্তপ্ত করতে হবে। | |
| | Well graded Coarse Aggregate এর সাথে নির্দিষ্ট পরিমান Hot বিটুমিন তাপবিহীন চেম্বারে Bituminous মিক্সার তৈরী করতে হবে। | |
| | অতঃপর নির্দিষ্ট পুরুত্বে Laying করে ৯০ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রায় পৌছানোর পূর্বেই যথাযথভাবে রোলিং করতে হবে। | |
| | Bitumen এর তাপমাত্রা ও পরিমান বজায় রাখা অত্যন্ত জরুরি এবং এ বিষয়ে কোনও আপোষ করার সুযোগ নেই। | |
| Approach Protection Work | প্রি-কাস্ট পাইল/সিসি ব্লক প্রকল্প সাইটে Casting নিশ্চিত করতে হবে। | UE, SAE, BME, FRE and AE (SupRB) |
| | প্রদত্ত লে-আউটের এলাইনমেন্ট বরাবর পাইল সমূহ অবশ্যই Suitable Monkey Hammer দ্বারা Drive নিশ্চিত করতে হবে এবং মাটি ভরাটের কাজ সম্পাদন ব্যতিরেকে প্রটেকশন ওয়ার্ক গ্রহণযোগ্য হবে না। | |
| | প্রাক্কলনে এপ্রোচ স্লোপ এ বিন্না ঘাস/সিসি ব্লক/জিও ব্যাগ/রিপর‍্যাপ যাই থাকুক না কেন স্পেসিফিকেশন অনুযায়ী সম্পাদন করতে হবে। | |

| কার্যক্রম | বাস্তবায়ন নির্দেশনা | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ |
|---|---|---|
| Structural Work | অনুমোদিত Drawing, Design ও Specification মোতাবেক প্রতিটি কাজের Methodology সংশ্লিষ্ট সকলকে Brief করে সেমোতাবেক কাজ বাস্তবায়ন এর পদক্ষেপ নিতে হবে। | Xen (Dist.), UE, SAE, BME, QCE, FRE and AE(SupRB) |
| Completion of Contract | আলোচ্য কর্মসূচী এলজিইডি'র অন্যান্য প্রকল্প হতে ব্যতিক্রমধর্মী। প্রকল্পের আওতায় প্রতিটি প্যাকেজের বাস্তবায়ন কাজ চুক্তি অনুযায়ী Original Completion Date এর মধ্যে সমাপ্ত করার বাধ্যবাধকতা রয়েছে। কাজেই চুক্তি অনুযায়ী Original Completion Date এর মধ্যে প্রতিটি প্যাকেজের উন্নয়ন কাজ সমাপ্ত করার বিষয়ে নিশ্চিত করতে হবে। | Xen (Dist.), UE, SAE, BME, QC, FRE, and AE (SupRB) |
| Dossier | ব্রিজের কাজ চূড়ান্ত বাস্তবায়ন শেষে BME প্রতিটি প্যাকেজের প্রতিটি সমাপ্তকৃত স্ট্রাকচার এর জন্য আলাদা আলাদাভাবে Dossier প্রস্তুত করবেন যা নির্বাহী প্রকৌশলী বরাবর দাখিল করবেন। নির্বাহী প্রকৌশলী উক্ত Dossier প্রকল্প পরিচালক বরাবর প্রেরন করবেন। IMED কর্তৃক DLI Verification সন্তোষজনক হলে অতঃপর চূড়ান্ত বিল প্রদান করা যাবে। | Xen (Dist.), UE, SAE, BME and FRE |

এমতাবস্থায়, উপরে বর্ণিত কার্যক্রমের বিপরীতে বাস্তবায়ন নির্দেশিকা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গকে তাদের উপর অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে কর্মসূচীর নির্ধারিত Program Appraisal Document (PAD)/Program Operation Manual (POM)-এর গাইডলাইন অনুযায়ী ছকে বর্ণিত উল্লেখিত কার্যক্রমের অতিরিক্ত দায়িত্ব কর্তৃপক্ষের নির্দেশনামতে প্রতিপালন করতে হবে। এক্ষেত্রে সময় সময় পত্র জারী করা হবে।

বিষয়টি অতীব জরুরী।

১৪/৭/২০

(মোঃ শাহজাহান মোল্লা)
প্রকল্প পরিচালক (SupRB)
ও
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
ফোন: ০২-৯১২৯১০০
ই-মেইল: pd.suprb@lged.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পল্লী অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থাপনা), এলজিইডি, ঢাকা।

০৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি বিভাগঃ ............................।

০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, অঞ্চলঃ ....................(১৯টি)। তাঁকে তাঁর অধিক্ষেত্রের অধীন এলজিইডি'র কর্মকর্তা/কর্মচারীবৃন্দ ও পরামর্শকবৃন্দকে পত্রের আলোকে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি কার্যার্থেঃ

০১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ ...................., জেলাঃ .............................।

০২। সহকারী প্রকৌশলী, SupRB, এলজিইডি, জেলা: ......................................................(৬১টি)।

০৩। পরামর্শক প্রতিষ্ঠান.................... .............................।